

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড
বকশি বাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

পত্র নং- ৫৮.০৪.০০০০.০২৭.০১.০০১.২০- ৯৫২(৯৪)


তারিখঃ ১৫ শ্রাবণ'১৪২৭
৩০ জুলাই'২০২০

বিষয় : করোনা পরিস্থিতিতে বন্দিদের দেখা-সাক্ষাত বন্ধ রাখার আদেশ যথাযথভাবে প্রতিপালন নিশ্চিত করা।

সম্প্রতি জানা যাচ্ছে যে, বন্দিদের স্বাস্থ্য সুরক্ষার জন্য বিদ্যমান করোনা পরিস্থিতিতে বন্দিদের দেখা-সাক্ষাত বন্ধ থাকার স্পষ্ট নির্দেশনা থাকার পরও কোন কোন কারাগারে কিছু দেখা-সাক্ষাত হচ্ছে। এটি কারা অধিদপ্তর তথা সরকারী আদেশের সুস্পষ্ট লঙ্ঘন এবং বন্দিদের স্বাস্থ্য নিরাপত্তায় ঝুঁকি সৃষ্টি করার শামিল।

অতএব, সকল কারা কর্তৃপক্ষকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত পবিত্র ঈদ-উল-আযহার দেখা-সাক্ষাত সহ যেকোন দেখা সাক্ষাত সম্পূর্ণরূপে বন্ধ রাখার জন্য নির্দেশ দেয়া হলো। এর বিকল্প হিসেবে বিধি মোতাবেক টেলিফোন সুবিধা যথাযথভাবে নিশ্চিত করার জন্যও বলা হলো।

দেখা-সাক্ষাত সহ স্বাস্থ্য বিধি সংক্রান্ত যেকোন বিধি-বিধানের ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট কারা কর্তৃপক্ষের প্রতি বিরূপ মনোভাব পোষণ করা হবে এবং কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। সকল কারা উপ-মহাপরিদর্শক স্ব-স্ব বিভাগের সকল কারাগারে এই আদেশের প্রতিপালন নিবিড় তদারকির মাধ্যমে নিশ্চিত করবেন এবং যেকোন ব্যত্যয়ের ক্ষেত্রে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ সহ কারা মহাপরিদর্শক মহোদয়কে অবিলম্বে অবগত করবেন।



মোঃ মাসরুর হোসেন

কর্নেল

অতিরিক্ত কারা মহাপরিদর্শক।

পক্ষে- কারা মহাপরিদর্শক।

☎- ৫৭৩০০২২২(দপ্তর)

- ১। কারা উপ মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর।
- ২। সিনিয়র জেল সুপার/জেল সুপার, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।
- ৩। সহকারী কারা মহাপরিদর্শক (সকল) কারা অধিদপ্তর, ঢাকা।
- ৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা। বিষয়টি ওয়েব সাইটে প্রকাশের জন্য।
- ৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, নিরাপত্তা সেল, কারা অধিদপ্তর, ঢাকা। [দেখা-সাক্ষাত সংক্রান্ত নির্দেশনার যথাযথ প্রতিপালন নিশ্চিত হচ্ছে কিনা সে বিষয়ে সতর্ক থাকার জন্য নিরাপত্তা সেল এর সকল সদস্য ও দায়িত্বপ্রাপ্ত ডেপুটি জেলারকে নির্দেশ দেয়া হলো।]
- ৬। প্রশাসনিক কর্মকর্তা-১ ও ২, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৭। বাজেট অফিসার/পরিসংখ্যানবিদ, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৮। সকল শাখা প্রধান, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৯। কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক/কারা উপ মহাপরিদর্শক (সঃদঃ) এর ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা।